



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার নং-০৫

০৩ মার্চ ২০২৬

তারিখ: -----

১৮ ফাল্গুন ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

## চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে পরিপালনীয় নির্দেশনা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৬ তারিখ: ২৫ জুন ২০২৫ এবং ঋণ শ্রেণিকরণ ও প্রভিশনিং সংক্রান্ত বিষয়ে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৫ তারিখ: ২৭ নভেম্বর ২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। বিআরপিডি সার্কুলার নং-১৫/২০২৪ এর 5(a) নং অনুচ্ছেদে চলমান ঋণ (Continuous Loan) এর সংজ্ঞা এবং 6(a)(1) নং অনুচ্ছেদে উক্ত ঋণ মেয়াদোত্তীর্ণ (Past Due/ Over Due) হওয়ার সংজ্ঞা প্রদান করা হয়েছে। অন্যদিকে, একই সার্কুলারের 6(d)(i) নং অনুচ্ছেদে ঋণের মেয়াদোত্তীর্ণ অংশ পরিশোধ ব্যতীত শ্রেণিকৃত ঋণ অশ্রেণিকৃত করার সুযোগ নেই মর্মে উল্লেখ করা হয়েছে। উক্ত অনুচ্ছেদসমূহে বর্ণিত নির্দেশনা অনুযায়ী চলমান ঋণ বিদ্যমান মেয়াদের মধ্যে সম্পূর্ণ সমন্বয় অথবা নবায়ন করতে হবে। এপ্রেক্ষিতে বিআরপিডি সার্কুলার নং-০৬/২০২৫ এর মাধ্যমে মাধ্যমে চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে পরিপালনীয় নির্দেশনা প্রদান করা হয়।
- ৩। উল্লেখ্য, নানাবিধ নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে চলমান ঋণ বিদ্যমান মেয়াদের মধ্যে অনেক ক্ষেত্রে নবায়ন করা দুরূহ হয় মর্মে বাংলাদেশ ব্যাংক অবগত হয়েছে। এফক্ষে, দেশের সামগ্রিক অর্থনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় ব্যবসা বাণিজ্য বাধাহীনভাবে চলমান রাখার লক্ষ্যে চলমান ঋণ নবায়ন সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:
  - ক) চলমান ঋণ বিদ্যমান মেয়াদের মধ্যে নবায়ন করতে হবে। এফক্ষে চলমান ঋণ মেয়াদোত্তীর্ণ হওয়ার কমপক্ষে ২ মাস পূর্বে নবায়নের প্রক্রিয়া (যেমন: গ্রাহকের আবেদন গ্রহণ, ডকুমেন্টেশন ইত্যাদি) শুরু করতে হবে। উক্ত প্রক্রিয়া শুরু করা সত্ত্বেও যদি নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে মেয়াদের মধ্যে নবায়ন করা না যায়, তবে মেয়াদোত্তীর্ণ চলমান ঋণসমূহ বিরূপমানে শ্রেণিকৃত (NPL) হওয়ার পূর্ব পর্যন্ত নবায়ন করা যাবে। এফক্ষে যথাসময়ে ঋণ নবায়ন না হওয়ার কারণসমূহ লিপিবদ্ধ করতে হবে;
  - খ) 'ক' এ বর্ণিত ক্ষেত্রে ঋণের সীমিতরিক্ত অংশ (যদি থাকে) সমন্বয় সাপেক্ষে ঋণ নবায়ন করা যাবে। এতদ্ব্যতীত, ঋণ সম্পূর্ণ সমন্বয় করতে হবে;
  - গ) চলমান ঋণের সীমিতরিক্ত অংশ মূল ঋণ হিসাব হতে পৃথক করত নতুন ঋণ সৃষ্টি বা অন্য কোনো ঋণ হিসাবে স্থানান্তর করা যাবে না;
  - ঘ) এ সার্কুলারে বর্ণিত নির্দেশনা আগামী ৩১ ডিসেম্বর ২০২৭ সাল পর্যন্ত বলবৎ থাকবে।
- ৪। বিআরপিডি সার্কুলার নং-০৬/২০২৫ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা বাতিল বলে গণ্য হবে।
- ৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বায়েজীদ সরকার)  
পরিচালক (বিআরপিডি)  
ফোন: ৯৫৩০২৫২